

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 23-01-2025  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) নেতাজী সুভাষ চন্দ্র বসুর জন্মদিন আজ পরাক্রম দিবস হিসেবে উদযাপিত হচ্ছে ।
- (২) কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রকের প্রতিমন্ত্রী ডা: রাজভূষণ চৌধুরী রাজ্যে জল জীবন মিশন প্রকল্পের রূপায়ণের কাজ প্রত্যক্ষ করতে রাজ্য সফর করছেন ।
- (৩) প্রয়াগরাজ রেলওয়ে ডিভিশন মৌনী অমাবস্যা উপলক্ষে ১৫০টিরও বেশি বিশেষ মেলা ট্রেন চালানোর পরিকল্পনা গ্রহণ করেছে ।
- (৪) ত্রিপুরা ও সার্বিসেসের মধ্যে রপ্তা ট্রফির চারদিনের খেলা আজ থেকে আগরতলায় শুরু হয়েছে।

\*\*\*\*\*

**Netaji Birthday-National :**

নেতাজী সুভাষ চন্দ্র বসুর ১২৯তম জন্মদিন আজ সারা দেশে পরাক্রম দিবস হিসেবে উদযাপিত হচ্ছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপ রাষ্ট্রপতি জগদীপ ধনখর, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পরাক্রম দিবসে নেতাজী সুভাষ চন্দ্র বসুকে শ্রদ্ধা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে রাষ্ট্রপতি বলেছেন যে নেতাজী ভারতের স্বাধীনতা সংগ্রামের সবচেয়ে দৃঢ় এবং অনুপ্রেরণামূলক ব্যক্তিত্বদের মধ্যে একজন। তিনি বলেন যে, তাঁর স্বাধীনতার আহ্বান লক্ষ লক্ষ ভারতীয়কে স্বাধীনতা সংগ্রামে যোগ দিতে অনুপ্রাণিত করেছিল এবং স্বাধীনতা অর্জনের জন্য নেতাজির নিরলস সংকল্প এবং

আজাদ হিন্দ ফৌজের সাহসী নেতৃত্ব ভারতীয়দের প্রজন্মকে অনুপ্রাণিত করবে।

উপ-রাষ্ট্রপতি তাঁর বার্তায় বলেন, ভারতের স্বাধীনতার প্রতি নেতাজির অনুকরণীয় উৎসর্গ এবং আজাদ হিন্দ ফৌজ গঠন তাঁর অসাধারণ দৃষ্টি এবং বীরত্বের প্রমাণ। তিনি মাতৃভূমির জন্য নিঃস্বার্থ নিবেদনের মূর্ত প্রতীক।

প্রধানমন্ত্রী বলেন যে ভারতের স্বাধীনতা আন্দোলনে নেতাজি সুভাষ চন্দ্র বসুর অবদান অতুলনীয়। নেতাজী সাহস এবং দৃঢ়তার প্রতীক। নেতাজীর কল্পিত ভারত গড়ার লক্ষ্যে কাজের ক্ষেত্রে তাঁর দৃষ্টিভঙ্গি দেশকে অনুপ্রাণিত করে চলেছে।

#####Byte#####

\*\*\*\*\*

**Netaji-Governor :**

রাজ্যেও আজ যথাযোগ্য মর্যাদায় পরাক্রম দিবস উদযাপিত হয়। স্কুল, কলেজ সহ বিভিন্ন প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ আগরতলার মহারাজগঞ্জ বাজারে নেতাজির পূর্ণাঙ্গ মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে রাজ্যপাল বলেন, বীর যোদ্ধা নেতাজী সুভাষ চন্দ্র বসু ছিলেন দেশের স্বাধীনতা আন্দোলনে যোগদানকারীদের মধ্যে অন্যতম। তিনি যুবসমাজকে উদ্বুদ্ধ করে ব্রিটিশের বিরুদ্ধে লড়াই করেছেন। তাঁর লড়াই এর চেতনা থেকে উদ্বুদ্ধ হয়ে যুবসমাজকে জীবনের সমস্ত বাধা অতিক্রম করে এগিয়ে যাওয়ার পরামর্শ দেন তিনি।

#####Byte#####

অনুষ্ঠানে মহারাজগঞ্জ বাজার ব্যবসায়ী সমিতির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

## **Netaji Birthday-CM :**

আগরতলায় আজ নেতাজি জন্মজয়ন্তীর মূল অনুষ্ঠানটি হয় নেতাজি সুভাষ বিদ্যানিকেতন প্রাঙ্গণে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা সেখানে নেতাজি জন্মজয়ন্তী উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করে স্বাধীনতা সংগ্রামী নেতাজি সুভাষ চন্দ্র বসুর অবদান বিস্তারিত উল্লেখ করেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে সরকার প্রতিষ্ঠার পর নেতাজিকে প্রাপ্য সম্মান জানানো হয়েছে।

#####Byte#####

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন স্কুলের পরিচালন কমিটির সহ-সভাপতি ডক্টর দিলীপ দাস, পুর নিগমের মেয়র দীপক মজুমদার প্রমুখ। এরপর নেতাজি সুভাষ বিদ্যানিকেতন থেকে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা আগরতলা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। শুরুতেই একে একে বিদ্যালয়ের মাঠ থেকে বিভিন্ন সুসজ্জিত শোভাযাত্রা বের হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে ফের স্কুল প্রাঙ্গণে ফিরে আসে।

\*\*\*\*\*

## **Jal Jeevan Mission :**

কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রকের প্রতিমন্ত্রী ডাঃ রাজভূষণ চৌধুরী রাজ্যে জল জীবন মিশন প্রকল্প রূপায়ণের কাজ প্রত্যক্ষ করতে উত্তর ত্রিপুরা জেলার দামছড়া এবং দশদা ব্লক সফর করছেন। দুদিনের রাজ্য সফরকালে তিনি রাজ্য সরকারের আধিকারিক জেলা ও ব্লক স্তরের আধিকারিকদের সঙ্গে প্রকল্প নিয়ে পর্যালোচনা বৈঠক করেন। গতকাল তিনি উচ্চাকাংখী ব্লক দামছড়ায় পর্যালোচনা বৈঠকের পর হালামপাড়ায় ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্টের উদ্বোধন করেন। তিনি জল জীবন মিশন প্রকল্পের সুবিধাভোগীদের সঙ্গেও মত বিনিময় করেন। জল জীবন মিশনের কাজকর্ম পরিদর্শন করে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী চৌধুরী সন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন,

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দিশাতে কেন্দ্রীয় সরকার বিকশিত ভারত গঠনের লক্ষ্যে কাজ করে চলেছে। এই লক্ষ্যে দেশের সমস্ত প্রান্তে সমানভাবে উন্নয়ন জরুরি।

তিনি আজ দশদা ব্লকের আশাপাড়ায় ডি.ডব্লিউ.এস দপ্তরের নবনির্মিত পানীয় জলের উৎসের সূচনা করেন। কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে ছিলেন বিধায়ক বিনয়ভূষণ দাস ও উত্তর ত্রিপুরা জেলার জেলা শাসক দেবপ্রিয় বর্ধন।

\*\*\*\*\*

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound-Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ.ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্ল্যাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

**Mahakumbh :**

এবার মহাকুম্ভের খবর।

#####Sound-Byte#####

প্রয়াগরাজে মহাকুম্ভ মেলায় প্রথম ১১ দিনেই বিপুল সংখ্যক পুণ্যার্থী পুণ্যস্নান করেছেন। মেলার দায়িত্বে থাকা প্রশাসনিক

কর্তাদের অনেকই মনে করছেন এই প্রবণতা বজায় থাকলে মেলা শেষ হতে হতে আগত পুণ্যার্থীর সংখ্যা ৮৫ কোটি ছাড়িয়ে যাবে। জানা গেছে আগামী ৫ই ফেব্রুয়ারি, চতুর্থ শাহী স্নানের ঠিক তিনদিন পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মহাকুস্ত মেলায় যেতে পারেন। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহও মহাসঙ্গমে ২৯শে জানুয়ারি পুণ্য স্নান করবেন।

এদিকে, প্রয়াগরাজ রেলওয়ে ডিভিশন মৌনী অমাবস্যা উপলক্ষে মহাকুস্তে প্রত্যাশিত ভক্তদের যাতায়াতের সুবিধার্থে ১৫০টিরও বেশি বিশেষ মেলা ট্রেন চালানোর পরিকল্পনা গ্রহণ করেছে। এই বিশেষ ট্রেনগুলি প্রয়াগরাজের নয়টি স্টেশন থেকে নির্ধারিতসূচী অনুযায়ী চালানো হবে।

#####Sound-Byte#####

\*\*\*\*\*

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ নতুনদিল্লির সম্বিধান সদনের সেন্ট্রাল হলে নেতাজী সুভাষ চন্দ্র বসুর জন্মবার্ষিকীতে নেতাজিকে শ্রদ্ধা নিবেদন করেছেন। লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে এবং অন্যান্য নেতারাও শ্রদ্ধা জানান। সেখানে উপস্থিত স্কুল ছাত্রদের সঙ্গে ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গঠনের বিষয়ে মতবিনিময় করেন। তিনি জলবায়ু পরিবর্তন মোকাবেলার একটি হাতিয়ার হিসাবে প্রধানমন্ত্রী সূর্যঘর যোজনার কথা তুলে ধরেন।

\*\*\*\*\*

**Netaji-District :**

রাজ্যের বিভিন্ন জেলায়ও আজ নেতাজী জন্মজয়ন্তী উদযাপিত হয়। দক্ষিণ জেলার বিলোনিয়ার নেতাজী ক্লাবের উদ্যোগে বিলোনিয়া শহরে আয়োজিত শোভাযাত্রায় প্রাক্তন বিধায়ক সুবল

ভৌমিক সহ ক্লাবের কর্মকর্তারা অংশ নেন। শোভাযাত্রার মূল আকর্ষণ ছিলো জনসচেতনতামূলক ট্যাবলু। ধর্মনগরে, ধর্মনগর পুর পরিষদ এবং ধর্মনগর জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে বীর বিক্রম ময়দানে আয়োজিত অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করেন পুর পরিষদের চেয়ারপার্সন মিতালী দাস সেন। এছাড়াও উপস্থিত ছিলেন মহকুমা শাসক সজল দেবনাথ, বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক-শিক্ষিকা এবং সাংস্কৃতিক দলের প্রতিনিধিরা। পরে একটি বর্ণাঢ্য শোভাযাত্রায়, প্রায় ৪০টি বিদ্যালয়ের সাড়ে তিন হাজার ছাত্রছাত্রী অংশ নেয়।

উনকোটি জেলা সদর কৈলাশহরে নেতাজি কর্ণারে ভারতীয় প্রাক্তন সৈনিক লিগ ও পুর পরিষদের যৌথ উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়। বক্তব্য রাখেন, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার, ভারতীয় প্রাক্তন সৈনিক লিগের জেলা সভাপতি ইরামন্ত সিংহ প্রমুখ। কৈলাশহরের নেতাজি বিদ্যাপীঠ ইংরেজি মাধ্যম বিদ্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন করেন, বিদ্যালয়ের অধ্যক্ষ অসিত দত্ত। পরে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা, অভিভাবক-অভিভাবিকা, প্রাক্তন ছাত্র-ছাত্রীদের বর্ণময় শোভাযাত্রা কৈলাশহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

সিপাহীজলা জেলায় সোনামুড়া নগর পঞ্চায়েত এবং মহকুমায় প্রশাসনের যৌথ উদ্যোগে প্রভাত ফেরির পর সোনামুড়া নগর পঞ্চায়েতের সামনে নেতাজীর মূর্তিতে মাল্যদান করা হয়।

এই অনুষ্ঠানে সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারম্যান সারদা চক্রবর্তী, মহকুমা শাসক এম কে চাকমা, নগর পঞ্চায়েতের উপকার্যনির্বাহী আধিকারিক প্রবীর সাহা সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

ধলাইতে কমলপুর নগর পঞ্চায়েত ও মহকুমা প্রশাসনের উদ্যোগে নেতাজী চৌমুহনীতে নেতাজী সুভাষ চন্দ্র বসুর মর্মর মূর্তির পাদদেশে মূল অনুষ্ঠান হয় । কমলপুরের বিভিন্ন সরকারি বেসরকারি বিদ্যালয় থেকে ছাত্র ছাত্রীদের নিয়ে ভারতের স্বাধীনতা সংগ্রামীদের সন্মান জানিয়ে রেলী বের করা হয়।

বিশালগড় আনন্দমার্গ স্কুলের পক্ষ থেকেও ছাত্র-ছাত্রীদের নিয়ে বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করা হয়।

আগরতলায় ঈশ্বর পাঠশালার উদ্যোগেও নেতাজীর জন্মজয়ন্তী উদযাপন করা হয়।

\*\*\*\*\*

#### **Netaji -Political Party :**

আগরতলায় প্রদেশ বিজেপি কার্যালয়েও যথাযোগ্য মর্যাদায় নেতাজি সুভাষচন্দ্র বসুর জন্মজয়ন্তী উদযাপন করা হয়। সেখানে জাতীয় পতাকা উত্তোলন করেন প্রদেশ বিজেপি সহ-সভাপতি তাপস ভট্টাচার্য।

আগরতলা প্রদেশ কংগ্রেসের উদ্যোগেও আগরতলায় কংগ্রেস ভবনে নেতাজির জন্মজয়ন্তী উদযাপন করা হয়। প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা জাতীয় পতাকা উত্তোলন করেন। তিনি নেতাজীর জীবনাদর্শ নিয়ে আলোচনা করেন।

আগরতলার পোস্ট অফিস চৌমুহনীতে AIDSO, AIMS, AIDYO-এর যৌথ উদ্যোগে নেতাজীর জন্মজয়ন্তী উদযাপন করা হয়।

\*\*\*\*\*

#### **CPIM :**

সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী জানিয়েছেন আগামী ২৯শে জানুয়ারি আগরতলায় দলের রাজ্য সম্মেলন অনুষ্ঠিত হবে। সম্মেলনে সিপিআইএম পলিটব্যুরোর কোর্ডিনেটর প্রকাশ কারাত, পলিটব্যুরো সদস্য বৃন্দা কারাত এবং অশোক ধাওয়ানী উপস্থিত

থাকবেন। সম্মেলনে ৪১১ জন প্রতিনিধি অংশগ্রহণ করবেন। এদের মধ্যে ৭৪ জন বর্তমান রাজ্য কমিটির সদস্য বলে তিনি জানান। রাজ্য সম্মেলনের প্রকাশ্য অধিবেশন উমাকান্ত স্কুল প্রাঙ্গণে অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে বলে তিনি জানান।

\*\*\*\*\*

#### **Ranji Trophy :**

ত্রিপুরা ও সার্ভিসেসের মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আজ থেকে আগরতলায় শুরু হয়েছে। এম বি বি স্টেডিয়ামে টসে হেরে প্রথমে ব্যাট করতে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে দিনের শেষে ৪ উইকেট হারিয়ে ১১৬ রান করে। দলের পক্ষে এস. শরথ ৫৭ রানে অপরাজিত রয়েছে। আলোর অভাবে প্রথম দিনে মাত্র ৪১ ওভার খেলা হয়।

\*\*\*\*\*

#### **Blind-Cricket :**

আসন্ন প্রজাতন্ত্র দিবসকে কেন্দ্র করে আজ নরসিংগড় পঞ্চায়েত মাঠে দৃষ্টিহীনদের মধ্যে এক প্রীতি ক্রিকেট অনুষ্ঠিত হয়। ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন ও রাজ্য ক্রীড়া দপ্তরের সহযোগিতায় লুই ব্রেল একাদশ ও হেলেন কেলার একাদশের মধ্যে ১৮ ওভারের সীমিত ম্যাচটি অনুষ্ঠিত হয়। তাতে বিজয়ী হয় হেলেন একাদশ। দলের পক্ষে সর্বোচ্চ রান করেন সুকান্ত সরকার। ক্রিকেট এসোসিয়েশন ফর দা ব্লাইন্ড ইন ত্রিপুরার সাধারণ সম্পাদক সঞ্জয় ধন ভৌমিক এ খবর জানিয়েছেন।

\*\*\*\*\*

#### **Weather :**

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২২.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫.৮ ডিগ্রি



সেলসিয়াস। আগামীকাল সকালে রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে  
ঘন কুয়াশা পড়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

\*\*\*\*\*